

রোমে ৯ বছর পর বিমান

- A Monitor Desk Report

Date: 28 March, 2024



দীর্ঘ ৯ বছর পর ফের ইতালির রাজধানী রোমের মাটিতে পা রাখলো বিমান বাংলাদেশ এয়ারলাইন্স। এর ফলে ইউরোপের এই দেশটিতে থাকা ২ লাখেরও বেশি প্রবাসীর বাংলাদেশ থেকে বিমানে যাতায়াতের দুয়ার আবার উন্মুক্ত হলো।

বিমানের বহরে সর্বাধুনিক প্রযুক্তির নতুন নতুন উড়োজাহাজ যোগ হওয়ার পর এই প্রথম ইউরোপিয়ান ইউনিয়নভুক্ত কোনো দেশে বিমানের যাত্রা শুরু হলো।

বুধবার (২৭ মার্চ) স্থানীয় সময় সকাল ৯টার দিকে ইতালির অন্যতম ব্যস্ত লিওনার্দো দা ভিঞ্চি-ফিউমিচিনো বিমানবন্দরে অবতরণ করে বিমানের বোয়িং ৭৮৭ ডিমলাইনার।

এর আগে বুধবার রাতে ঢাকা থেকে রোমের উদ্দেশ্যে যাত্রা শুরু বিমানের ডিমলাইনার হংস বলাকা। ঢাকা থেকে যাওয়া প্রথম ফ্লাইটের ২০০ যাত্রী হাততালি দিয়ে নিরাপদ যাত্রা উদযাপন করে। প্রথম ফ্লাইটে থাকা যাত্রী, কর্মকর্তা, সাংবাদিক ও সাধারণ যাত্রীদের ফুলেল শুভেচ্ছায় বরণ করে নেন প্রবাসীরা।

ইতালিতে নিযুক্ত বাংলাদেশের রাষ্ট্রদূত মো. মনিরুল ইসলাম বিমানবন্দরে ঢাকা থেকে আগত কর্মকর্তাদের স্বাগত জানান। সংক্ষিপ্ত অনুষ্ঠানে ফিতা ও কেক কেটে আনুষ্ঠানিকভাবে বিমানের প্রথম ফ্লাইটের উদ্বোধন করা হয়।

সেখানে সংক্ষিপ্ত বক্তব্য দেন বেসামরিক বিমান পরিবহণ ও পর্যটন মন্ত্রণালয় সম্পর্কিত সংসদীয় স্থায়ী কমিটির সভাপতি সাজ্জাদুল হাসান, মন্ত্রণালয়ের সচিব মো. মোক্কামেল হোসেন, ইতালির চিফ এভিয়েশন অফিসার ইভান বাসসাতো, বিমানের ব্যবস্থাপনা পরিচালক ও প্রধান নির্বাহী কর্মকর্তা শফিউল আজিম।

অন্য এয়ারলাইন্সগুলোর সঙ্গে তাল মিলিয়ে বিমানেও যাত্রী সেবার মান বাড়ানোর কথা বলেন ব্যবস্থাপনা পরিচালক। এছাড়া বিমানের বহরে

আরো উড়োজাহাজ বাডানোসহ অস্ট্রেলিয়া ও ইউরোপের গন্তব্যগুলোতেও ফ্লাইট চালুর আশার কথাও জানান তিনি।

আগামী পহেলা এপ্রিল থেকে গ্রীষ্মকালীন সূচি অনুযায়ী প্রতি সোম, মঙ্গল ও বৃহস্পতিবার ঢাকা থেকে রাত ৪টায় যাত্রা করে রোমে পৌঁছাবে সকাল ১০ টা ১০ মিনিটে। আর রোম থেকে স্থানীয় সময় সকাল ১১ টা ৪৫ মিনিটে যাত্রা করে ঢাকায় পৌঁছাবে পরের দিন রাত ১২ টা ৩০ মিনিটে।

আর প্রতি ফ্লাইট চালানো হবে বিমানের বোয়িং ৭৮৭ ডিমলাইনার দিয়ে।

ঢাকা থেকে রোমে বিমানের প্রথম ফ্লাইট চালু হয় ১৯৮১ সালের এপ্রিলে। কিন্তু লোকসানের কারণে ২০১৫ সালের ছয় এপ্রিল থেকে রোম ফ্লাইট বন্ধ করে দেয় বিমান।

এর আগে ২০০৫ সালে বিমানের ইউরোপ, যুক্তরাষ্ট্র, মধ্যপ্রাচ্যসহ বিশ্বের বিভিন্ন জায়গায় বিমানের মোট ৩১টি রুট চালু ছিল। তখন বেশিরভাগ উড়োজাহাজ ছিল ভাড়া নেয়া।

এখন বিমানে ১৬টি বোয়িংসহ ২১টি নতুন উড়োজাহাজ রয়েছে। তাই আস্তে আস্তে বিমানের নতুন রুটও চালু করা হচ্ছে। কর্তৃপক্ষ জানিয়েছে, বিমানের পরবর্তী গন্তব্য মালদ্বীপ ও চীনের কুনমিং।

-B